মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুর পুলিশের নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ও নিয়মিত মামলার ৯ আসামী গ্রেফতার হয়েছেন।
আসামীদের মধ্যে নিয়মিত মামলায় ৬, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ ও সিআর মামলার ১ জন আসামী রয়েছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে গাংনী থানা পুলিশ নিয়মিত মামলায় ২ জন, জিআর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ১ জন, সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ৪ জন, জিআর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ১ জন ও মুজিবনগর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ আসামী গ্রেফতার করেছেন।

গতকাল মঙ্গলবার (৫ জুলাই) সকাল থেকে আজ বুধবার (৬জুলাই) ভোর রাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন।

এদিকে গাংনী ও সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ও অন্যান্য আইনে পৃথক ৪ টি মামলা এফআইআরভূক্ত হয়েছে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দীন আহম্মেদ, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এসব গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় গণ ডাকাতির মামলায় ৬ দিনে আটক ১৪,আদালতে সোপর্দ-

১০

চুয়াডাঙ্গার গহরপুর-সাড়াবাড়িয়া সড়কে গাছ ফেলে ভয়াবহ গণ ডাকাতির ঘটনায় পুলিশের দফায় দফায় অভিযানে আটকের সংখ্যা দাড়িয়েছে ১৪ জন।

চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের গহেরপুর-সড়াবাড়ীয়া সড়কের শালিকচরা মাঠ নামকস্থানে গত বৃহস্পতিবার রাত ৯টার দিকে ১৫/১৬ জনের একদল সংঘবদ্ধ মুখাশধারী ডাকাতদল ব্যাপক তান্ডব চালায়।

ঘটাব্যাপী এ তান্ডবে গরু ব্যবসায়ী, ঠিকাদার ও সাধারণ মানুষকে দেশীয় অস্ত্রের মুখে জিম্মি করে নগদ প্রায় ৩৫ লাখ টাকা, ১০/১২ ভরি সোনার গহনা ও মোবাইল ফোন ছিনিয়ে নেয়। এসময় ডাকাতরা বেশ কয়েকজনকে মারধরও করেছে।

ভয়াবহ এ ডাকাতি ঘটনায় দর্শনা থানায় মামলা দায়ের করেন ঝিনাইদহ উপ-শহরপাড়ার মুরালি মোহন সাহার ছেলে রণি সাহা। মামলার তদন্তকারী কর্মকর্তা দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর।

ঘটনার পর থেকেই পুলিশের গ্রেফতার অভিযান শুরু হলেও মালামাল উদ্ধারের কোন কুল-কিনারা হয়নি। ওসি লুৎফুল কবীর জানান, ঘটনার পর থেকে গতকাল মঙ্গলবার পর্যন্ত ৫ দিনে সন্দেহজনকভাবে গ্রেফতার করা হয়েছে ১৪ জনকে।

তবে গ্রেফতারকৃতদেরও নাম পরিচয় জানানো হয়নি পুলিশের পক্ষ থেকে। এদের মধ্য ৪ জনের ডাকাতির সঙ্গে কোন সম্পৃক্ততা না থাকায় পরিবারের হেফাজতে দেওয়া হয়েছে ও বাকী ১০ জনকে আদালতে সোপর্দ করা হয়েছে।

গ্রেফতারকৃতদেরও ব্যাপক পুলিশি জিজ্ঞাসাবাদের কোন তথ্য মিলছে কিনা তাও জানাতে গড়িমশি করছে পুলিশ। তবে ১০ জনের মধ্যে ৪ জনকে জিজ্ঞাসাবাদের জন্য আদালতের রিমান্ডের আবেদন করা হবে বলেও জানান ওসি লুৎফুল কবীর।

তাহলে কি বাকী অন্য ৬ জনও ওই ৪ জনের মত নির্দোষী এমনই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে অনেকের মধ্যে। ডাকাতির ঘটনায় আটককৃতদেরও তথ্য ও নাম পরিচয় কেন দিচ্ছেনা পুলিশ তা নিয়েও অনকটা গোলক ধাধার সৃস্টি হচ্ছে। তবে ওসি লুৎফুল কবীর বলছেন, মামলার তদন্তের স্বার্থে নাম পরিচয় ও তথ্য গোপন রাখা হয়েছে।

বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষের পাশে মেহেরপুর জেলা ইমাম সমিতি

সিলেটের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষের পাশে দাঁড়াতে রওনা দিয়েছেন বাংলাদেশ ইমাম সমিতি মেহেরপুর জেলা শাখার নেতৃবৃন্দ।

মঙ্গলবার বিকালের দিকে মাওলানা সানোয়ার হোসেন, হাফেজ মাওলানা বোরহান উদ্দিন এবং মাওলানা ইসমাইল হোসেনের তিন সদস্যের দল ত্রাণ সামগ্রী নিয়ে মেহেরপুর থেকে সিলেটের উদ্দেশ্যে রওনা দেন।

শুকনো খাবার, পোশাক, মোমবাতি ও অন্যান্য উপকরন সিলেটে বন্যার্তদের মাঝে ত্রাণ সহযোগিতা বিতরণ করবেন তারা।

মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি মাওলানা রোকনুজ্জামান বাসে উঠার আগে হোটেল বাজার জামে মসজিদের সামনে থেকে মোনাজাত ও দোয়া পরিচালনা করেন।

মেহেরপুরের শতাধিক দক্ষ ও অদক্ষ কসাই যাবে ঢাকাতে

প্রতি বছরের মত এবারও কোরবানীর ঈদকে সামনে রেখে রাজধানী ঢাকায় যেতে প্রস্তুত হচ্ছেন মেহেরপুরের শতাধিক পেশাদার ও অপেশাদার মৌসুমি কসাই।

গরু, ছাগল, উট কিংবা অন্যান্য পশুর হাড় মাংস কাটাসহ মাংস সাইজ করার কাজে ব্যবহৃত, দা, বটি, ছুরি, চাপাতি, কুড়াল বা অন্যান্য ক্ষুদ্র অস্ত্রগুলি সানিয়ে নেওয়ার পাশাপাশি ও কাঠের গোলাকার কাঠ (স্থানীয় ভাষা খেইটি) প্রস্তুত করেছেন কসাইরা।

তবে, পেশাদার কসাইয়েরা তাদের হেলপার হিসেবে একজন বা দুজন অপেশদার কসাইকেও সাথে নিয়ে থাকেন। আগামীকালকেই ঢাকার উদ্দেশ্যে রওনা দেবেন বলে জানিয়েছেন কসাইরা।

ঢাকায় একদিনের কসাই হিসেবেই যাবে এলাকার পেশাদার ও অপেশাদার কসাইরা, বললেন গাংনীর গোপালনগর গ্রামের কসাই খোকন। তিনি বলেন এরা সবাই ঢাকার বুকের একদিনের কসাই।

এলাকাতে সারাবছর বিভিন্ন ক্ষুদ্র পেশার সাথে জড়িত থাকলেও তারা ঢাকায় মাংস তৈরীর কাজ করেন কোরবানীর দিনে। এরা একদিনের কসাই হলেও তাদের আয় কিন্তু কম নয়, দুই থেকে তিনজনের দল এক দিনে আয় করেন ২০ থেকে ৩০ হাজার টাকা। কখনো কখনো তার চেয়ে বেশীও হয়, বাড়তি হিসেবে।

গাংনীর উত্তরপাড়া এলাকার কসাই সোহাগ হোসেন, মারুফ আহম্মেদ বলেন, ঢাকার মানুষ তাদের সামর্থ্য অনুযায়ী তাদের কোরবানি দেওয়ার জন্য গরু, ছাগল, উট দুম্বা প্রস্তুত রাখে। কোরবানির পশুকে কষ্টা না দিয়ে এবং পশুর শরীরে চামড়া ভুলেও না কেটে সঠিক সাইজের মাংস প্রস্তুত করতে তাদের প্রয়োজন হয় প্রশিক্ষিত কসাইয়ের। এসময় চাহিদা বেড়ে যায় এসব কসাইদের। ফলে বাড়ে পারিশ্রমিক।

চৌগাছা গ্রামের কসাই সাহেব আলী ও কালাম শাহ বলেন, প্রতি বছরই কোরবানির ঈদকে কেন্দ্র করে এই এলাকা থেকে আমরা শতাধিক কসাই ঢাকাতে যায়। এসময় কিছু অপেশাদার বা মৌসুমি কসাইদেরও সাথে নিয়ে থাকি আমরা। ঢাকাতে ঈদের দিন কোরবানির পশু জবাইয়ের সংখ্যার তুলনায় পেশাদার কসাইয়ের সংখ্যা কম হওয়ায় এসব মৌসুমি কসাইদেরও চাহিদাও থাকে আকাশচুম্বি।

এবার আমরা পশুর দাম অনুযায়ী পারিশ্রমিকও নির্ধারণ করে রেখেছি। পশুর দামের পাঁচ ভাগের এক ভাগ হবে কসাইয়ের মজুরি। এ দাম সকাল থেকে দুপরের আগ পর্যন্ত। এর পর বেলা যত বাড়বে ততই কমবে তাদের মজুরি। পশুর দাম অনুযায়ী হাজারে ২০০টাকা পারিশ্রমিক নেবো।

শিশিরপাড়া গ্রামের কসাই মহির উদ্দীন বলেন, ঢাকার বেশীর ভাগ মানুষ ঈদের আগেই যার যার পছন্দ অনুযায়ী কসাই ঠিক করে রাখেন। বেশীর ভাগ ক্ষেত্রেই সবাই চান ঈদের নামাজের পরপরই কোরবানী সেরে ফেলার। তাই কসাইয়ের চাহিদা সকালের সময়টায় বেশীই থাকে। কসাইয়ের দর বা পারিশ্রমিক নির্ভর করে কখন পশু জবাই হবে তার উপর।

অনেকদিন ধরে কসাইয়ের কাজ করেন গাংনী শহরের প্রশিক্ষিত কসাই আরিফ হোসেন। ঈদের সময়ে তাদের কদর ও মজুরি অনেক বেড়ে যায় জানিয়ে তিনি বলেন, কোরবানির দিন সকাল থেকেই আমাদের ব্যস্ততা শুরু হয়। সকালে কেউ গরু জবাই ও কাটাকাটি করতে চাইলে তাদের মোট পশুর দামের ওপর প্রতি হাজারে ২০০ টাকা দিতে হবে।

এ টাকায় একজন কসাই গরু জবাই থেকে শুরু করে চামড়া ছাড়ানো, হাড় থেকে মাংস ছাড়িয়ে তা ছোট করে কাটা, হাড়গুলো ছোট ছোট করে কেটে দেয়া, নাড়িভুঁড়ি পরিষ্কারসহ একেবারে সব কাজ করে দেবে। তিন থেকে চার মণ মাংস হবে, এমন একটা গরুর জবাইয়ের কাজ দুই জন কসাই এক ঘণ্টায় শেষ করতে পারেন বলেও জানালেন তিনি।

কসাই ইনতাজুল ইসলাম জানান, মেহেরপুর সদর উপজেলার বারাদী, আমঝুপি, কইরাডাঙ্গা, শ্যামপুর, উত্তর শালিকা, গাংনীর চেংগাড়া, সাহারবাটি বামন্দীসহ বিভিন্ন এলাকা থেকে শতাধিক কসাই এই ঈদ মৌসুমে যান ঢাকাতে। তারা একদিন ১৫ থেকে ২০ হাজার টাকা ইনকাম করেই বাড়ি ফেরেন। কোরবানির আগের দিন পর্যন্ত হাট থেকে গরু কিনে গেরহস্তের বাড়ি পর্যন্ত পৌছে দেওয়া এবং তাদের খাওয়া দাওয়া পর্যন্ত করান। তাতে ১ থেকে দেড় হাজার টাকা পারিশ্রমকও পান।

গাংনীর বামন্দিতে শুধুমাত্র ট্রেড লাইসেন্স দিয়ে চলছে কমফোর্ট মেডিকেয়ার

গাংনীর বামন্দীতে শুধুমাত্র ট্রেড লাইসেন্স দিয়েই চলছে কমফোর্ট মেডিকেয়ার। চোখ ধাঁধাঁনো ব্যানার, ফেসটুন দিয়ে রোগীদের আকর্ষণ করলেও, করেননি নিয়ম নীতির তোয়াক্কা।

যখন দেশের মানুষের চিকিৎসা সেবার মানোন্নয়নের জন্য নানা রকম নীতিমালা করেছেন বাংলাদেশ সরকারের স্বাস্থ্য বিভাগ ঠিক তখনই শুধুমাত্র ট্রেড লাইসেন্স সর্বস্ব ক্লিনিক মানুষকে হতবাক করেছে।

দেখা গেছে, সেখানে ড্রাগ লাইসেন্স ছাড়াই চলছে ঔষধের ব্যবসা। ডায়াগনস্টিক সেন্টারের লাইসেন্স ছাড়াই করা হচ্ছে আল্ট্রাসনোগ্রাফি, ইসিজি, হচ্ছে দাঁতের চিকিৎসা, ফিজিওথেরাপী।

সপ্তাহে একদিন বহিরাগত এমবিবিএস ডাক্তারও বসাচ্ছেন কমফোর্ট মেডিকেয়ার নামের ওই ডায়াগনস্টিক সেন্টার পরিচালক মোসাদ্দেক হোসেন। শুধুমাত্র ট্রেড লাইসেন্স ছাড়া আর কোন কাগজপত্রই দেখাতে পারেনি কর্তৃপক্ষ। নার্সিং বিষয়ে না পড়ে বা কোন রকম প্রশিক্ষণ ছাড়াই নার্সের দায়িত্ব পালন করছে তিন জন নারী।

কমফোর্ট মেডিকেয়ারের পরিচালক মোসাদ্দেক হোসেন জানান, সরকারের বিধি বিধান অনুযায়ী তার প্রতিষ্ঠান পরিচালিত করবেন। লাইসেন্সের জন্য আবেদন করবেন বলেও জানান তিনি।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শুপ্রভা রানী জানান, ফিজিওথেরাপি, ওষুধের ব্যবসা, ডায়াগনস্টিক সেন্টার, প্রত্যকটির জন্য আলাদা আলাদা লাইসেন্স করতে হবে। ডায়াগনস্টিক সেন্টারের লাইসেন্স ছাড়া আল্ট্রাসনোগ্রাফি, ইসিজি কেউ করতে পারবেন না। যদি লাইসেন্স ছাড়াই এগুলো কেউ করে থাকে তাহলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর সিভিল সার্জন জওয়াহেরুল আনাম সিদ্দিকী জানান, এধরনের ডায়াগনস্টিক সেন্টার চলার কথা নয়, বন্ধ থাকার কথা। এ বিষয়ে এখনই ব্যবস্থা নেবেন বলেও জানান তিনি।

মেহেরপুরে ইজিবাইক ও সাইকেলের মুখোমুখি সংঘর্ষে আহত – ৫

মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের গুচ্ছ গ্রামে ব্যাটারি চালিত ইজিবাইক ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ৫ জন আহত হয়েছে।

মঙ্গলবার দুপুর ২ টার দিকে এ ঘটনা ঘটে। জানা যায়, মেহেরপুরের দিকে আসতে থাকা একটি ইজিবাইক নিয়ন্ত্রণ হারিয়ে বাইসাইকেলর সাথে

সংঘর্ষ হয়। এতে গুরুতর আহত হন ২ জন আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়ন শালিকা গ্রামের আম্মত মড়লের ছেলে এলাহি বকশো এবং একই গ্রামের মুনসুর আলী।

মুনসুর আলীর আশঙ্কাজনক অবস্থা হওয়ায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এবং আহত ৩ জন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

ঝিনাইদহে গাঁজা ও ফেন্সিডিলসহ ২ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে বিপুল পরিমান গাঁজা ও ফেন্সিডিলসহ ওবাইদুর রহমান (২৮) ও শামীম মোল্লা (২৮) নামে ২জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬। সদর উপজেলার সাধুহাটি এলাকার ধর্মতলা থেকে তাদের আটক করা হয়।

আটককৃত ওবাইদুর রহমান ফরিদপুর সদর উপজেলার রামখন্ড গ্রামের মন্টু শেখের ছেলে ও শামীম মোল্লা একই গ্রামের হাসেম মোল্লার ছেলে।

জানা গেছে, মাদক বিক্রির খবর পেয়ে র্যাব ক্যাম্পের একটি অভিযানিক দল সাধুহাটি ধর্মতলায় অভিযান চালিয়ে মাদক কেনা-বেচার সময় হাতে নাতে ওবাইদুর রহমান ও শামীম মোল্লা নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করে।

এসময় ১৪ কেজি গাঁজা ও ২৩ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয় । তাদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় মামলা দায়ের ও হস্তান্তর করা হয়েছে। ঝিনাইদহ র্যাব ক্যাম্পের অধিনায়ক মেজর শরিফুল আহসান বিষয়টি নিশ্চিত করেছেন।

কোটচাঁদপুরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বেলা ১১ টা দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে ও ঝিনাইদহ মাদকদ্রকব্য নিযন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় পরিষদ মিলনায়তনে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন, জেলা মাদকদ্রকব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহঃকারি পরিচারক গোলক মজুমদার।

সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারি কমিশনার (ভূমি) নিরুপমা রায়, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সাবেক কমান্ডার তাজুল ইসলাম।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগম ও তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চলনায় সেমিনারে বক্তব্য রাখেন, ইউপি চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, ইসলামী ফাউন্ডেশন উপজেলা শাখার সুপার ভাইজার আবুবকর সিদ্দিক, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, পুরোহিত তরুণ ভট্রাচার্জ ইউপি সদস্য ইনামুল হোসেন প্রমূখ।

এসময় উপস্থিত ছিলেন, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, চেয়ারম্যান আব্দুল মান্নান, চেয়ারম্যান শাহারুজ্জামান সবুজ, সহ রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী-পেশার মানুষ।

দামুড়হুদায় গরু বোঝায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে শিশুর মৃত্যু

নানা বাড়ী বেড়াতে এসে চুয়াডাঙ্গার দামুড়হুদায় গরু রোঝাই ট্রাকের চাপায় জান্নাতুল ফেরদৌস (৪) নামের শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

সোমবার দুপুর ১টার দিকে দামুড়হুদা-কার্পাসডাঙ্গা সড়কের দেউলির মোড় নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে। জান্নাতুল ফেরদৌস দর্শনা পৌরসভার সীমান্তবর্তী জয়নগরের মিঠু হোসেনের মেয়ে।

স্থানীয়রা জানায়, দুপুরে গরুবোঝাই একটি ট্রাক দামুড়হুদার দিকে আসছিল। ট্রাকটি দেউলির মোড় নামক স্থানে পৌছালে দেউলি গ্রামে নানা নবির উদ্দীনের বাড়ী বেড়াতে আসা জান্নাতুল রাস্তা পারপার হতে গেলে ট্রাকটি তাকে চাপা দেয়। এতে সে ঘটনা স্থলেই সে মারা যায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ রুকসানা পারভিন তাকে মৃত ঘোষনা করেন। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

০৯ ব্যাচের পক্ষ থেকে নবনির্বাচিত মেয়রকে ফুলেল শুভেচ্ছা

দ্বিতীয় বারের মতো মেহেরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হওয়ায় মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের এসএসসি ০৯ ব্যাচের পক্ষ থেকে মাহফুজুর রহমান রিটনকে ফুলেল শুভেচছা জানানো হয়েছে।

সোমবার সন্ধায় মাহফুজুর রহমান রিটন এর নির্বাচনী কার্যালয়ে এ শুভেচ্ছা জাননো হয়।

এসময় উপস্থিত ছিলেন, এমজিএইচএস-০৯ ব্যাচের সভাপতি তানভির আল মামুন, সহ সভাপতি সেলিম পারভেজ, সাংগাঠনিক সম্পাদক মাহফুজুর রহমান নয়ন, যুগ্ম-সাধারণ সম্পাদক নাজমুল হাসান সুরুজ, ক্রীড়া সম্পাদক আসিফ উজ-জামান কমল, ধর্মবিষয়ক সম্পাদক মাসুদ পারভেজ এছাড়া উপস্থিত ছিলেন এমজিএইচএস এর সদস্য, রুপক, আসিফ হাসান সানি এবং ফিরোজ রহমান।